বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড

ডিজিটাল ডাটা নেটওয়ার্ক (ডিডিএন) লীজড্ এক্সেস গ্রাহক চুক্তিনামা

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (অতঃপর কোম্পানি বলিয়া উল্লেখিত) .... (১ম পক্ষ)।

এবং

ডিডিএন লীজড্ লাইন সংযোগ প্রার্থী/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (অতঃপর গ্রাহক বলিয়া উল্লেখিত) জনাব/বেগম .... পিতা/স্বামী/পদবী (কোম্পানীর নামসহ)... স্থায়ী ঠিকানা (সংস্থার/কোম্পানীর ক্ষেত্রে পদবী ও সংস্থার/কোম্পানীর নামসহ) .... বর্তমান ঠিকানা.. ....(২য় পক্ষ)।

১ম পক্ষ এবং ২য় পক্ষের সম্মতিক্রমে অদ্য.. বাং.. ইং অত্র চুক্তি সম্পাদিত হইল। উভয় পক্ষ এই চুক্তির আওতায় নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে ঃ

১। **সার্ভিসের বর্ণনা ঃ** এই চুক্তির আওতায় কোম্পানি গ্রাহকদেরকে ডিজিটাল লীজড্ লাইন সুবিধা প্রদান করিবে। কোম্পানি নিম্নবর্নিত ডিডিএন সার্ভিস প্রদান করিবে এবং গ্রাহক কোম্পানি কর্তৃক ধার্যকৃত চার্জ/ফিস/বিল প্রদান করিতে বাধ্য থাকিবে।

ক) টেলিযোগাযোগ অঞ্চল ঃ ....

খ) ডিডিএন সংযোগের ঠিকানা ঃ ....

গ) সংযোগের গতি ঃ ....

২। **সার্ভিস চার্জ ও ফি ঃ** গ্রাহকগণ ডিমান্ড নোটে বর্নিত নির্ধারিত এককালীন Installation চার্জ প্রদান করিবে এবং লীজড্ লাইনের জন্য বাৎসরিক ভিত্তিতে কোম্পানি কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ করিবে। তবে ট্যারিফ রেট প্রয়োজনে কোম্পানি কর্তৃক সংশোধিত হইতে পারে। সেই ক্ষেত্রে কোম্পানি অনুন্য ৩ (তিন) মাস পূর্বে গ্রাহকদেরকে অবহিত করিবে।

৩। গ্রাহকের দায়বদ্ধতা (Liability)

৩.১। গ্রাহক কোম্পানির প্রাপ্য টাকা নির্ধারিত সময়ে কোম্পানিকে পরিশোধ করিবে।

৩.২। প্রদত্ত লীজড্ লাইনের মাধ্যমে শুধুমাত্র ডাটা ট্রান্সমিশন এবং রিসেপশন করা যাইবে। কোনক্রমেই ভয়েস ট্রান্সমিশনের জন্য এই সার্ভিস ব্যবহার করা যাইবে না।

৩.৩। প্রদত্ত সার্ভিসের মাধ্যমে অন্য কোন গ্রাহককে ক্ষতিগ্রস্ত করা বা হয়রানি করা হইলে যাহা কোম্পানির স্বার্থের পরিপন্থি, এইরুপ যে কোন ধরনের অপব্যবহারের জন্য গ্রাহক নিজে দায়ী থাকিবেন। এই জাতীয় অভিযোগ প্রাপ্ত বা প্রমানিত হইলে Telegraph Act 1885 (XIII of 1885)এর বিধান মোতাবেক কোম্পানি প্রদত্ত ডিডিএন সার্ভিস সুবিধা প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩.৪। প্রদত্ত ডিডিএন সার্ভিসের এক্সচেঞ্জ প্রান্তের সকল প্রকার সরঞ্জামাদির মালিক কোম্পানি । গ্রাহক প্রান্তের সকল হার্ডওয়ার, সফটওয়্যার ইত্যাদি গ্রাহক নিজ খরচে সংগ্রহ ও স্থাপন করিবে এবং সেগুলির configuration, ব্যবস্থাপনা ইত্যাদির দায়-দায়িত্ব গ্রাহকের। গ্রাহক প্রান্তের সকল হার্ডওয়্যার ও সফটওয়্যার এই চুক্তির আওতায় যথাযথ ও বৈধভাবে ব্যবহার নিশ্চিতকল্পে কোম্পানি যে কোন সময় ঔগুলি পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

৩.৫। ডিডিএন সার্ভিস সংক্রান্ত যন্ত্রপাতি স্থাপন করিবার পূর্বে গ্রাহক লিখিত নোটিশ দ্বারা তাহার আবেদন পত্র প্রত্যাহার করিতে পারিবেন।

৩.৬। কোম্পানির লিখিত অনুমতি ব্যতিরেকে গ্রাহক ডিডিএন সংযোগ আংশিক/পুরোপুরিভাবে লিজ বা রিসেইল হিসাবে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবে না।

৩.৭। কোম্পানি কর্তৃক অনুমোদিত যন্ত্রপাতি ব্যতিরেকে গ্রাহক অন্য কোন যন্ত্রপাতি ডিডিএন সার্ভিসের জন্য ব্যবহার করিতে পারিবে্ না।

৩.৮। প্রদত্ত ডিডিএন সার্ভিসের যথাযথ ব্যবহারের জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন এবং গ্রাহকের অনুপস্থিতিতে বা অজান্তে যদি কোন ব্যক্তি উক্ত সার্ভিস ব্যবহার করেন, তবে তাহার দায়-দায়িত্ব গ্রাহকের উপরই বর্তাইবে।

৩.৯। কোম্পানি প্রদত্ত ডিডিএন সার্ভিস সুষ্ঠুভাবে চালু রাখিবে এবং ইহার জন্য গ্রাহক কোম্পানি কে সর্বপ্রকার ন্যায়সঙ্গত সহযোগিতা প্রদান করিবে।

৩.১০। গ্রাহক এই চুক্তির মেয়াদকালে বাংলাদেশ সরকার বা কোম্পানি কর্তৃক প্রনীত এবং ভবিষ্যতে যে কোন সময়ে সংশোধিত বা পরিবর্তিত সকল নিয়মাবলী ও বিধিসমূহ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

৩.১১। গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার নিকট প্রেরিত বিলের টাকা পরিশোধ না করিলে খেলাপী গ্রাহক হইতে টাকা আদায়ের ক্ষেত্রে Telegraph Act. 1885. Bangladesh Telegraph and Telephone Board Ordinance, 1979 এবং টিএন্ডটি ম্যানুয়েলের সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হইবে এবং কোম্পানি সংশ্লিষ্ট ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহনের অধিকার সংরক্ষন করে।

৩.১২। বাংলাদেশ সরকারের অনুমোদন সাপেক্ষে কোম্পানি যে কোন সময়ে ডিডিএন সার্ভিসের জন্য আনুষাঙ্গিক রেইট/চার্জ পরিবর্তন করিতে পারিবে এবং গ্রাহক এই ধার্য্যকৃত বা পরিবর্তিত চার্জ/রেইট মানিতে বাধ্য থাকিবে।

৪। কোম্পানির দায়-দায়িত্ব (Liability)

৪.১। চুক্তি স্বাক্ষর এবং দাবীকৃত Installation charge গ্রাহক কর্তৃক পরিশোধের পর কোম্পানি ১ (এক) মাসের মধ্যে অথবা এই চুক্তির আওতায় উভয় পক্ষের সম্মতিক্রমে যতশীঘ্র সম্ভব ডিডিএন সার্ভিস লিংক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবে।

৪.২। প্রদত্ত ডিডিএন সার্ভিস সুবিধা (দৈনিক ২৪ ঘন্টা এবং সপ্তাহে ৭দিন) গ্রাহকদেরকে সুষ্ঠভাবে প্রদানের জন্য কোম্পানি যথাসাধ্য চেষ্টা করিবে।

৫। কোম্পানির Non-Liability

৫.১। রক্ষণাবেক্ষণের স্বার্থে ডিডিএন সার্ভিস ব্যবহার সাময়িকভাবে বন্ধ করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে এবং সেক্ষেত্রে যে কোন ক্ষতির জন্য কোম্পানি কে দায়ী করা যাইবে না।

৫.২। সরকারী আদেশে বা জাতীয় স্বার্থে অথবা জননিরাপত্তার কারনে কোম্পানি কোন নোটিশ ছাড়াই ডিডিএন সার্ভিস সাময়িক কিংবা চুড়ান্তভাবে বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৩। কোন কারণে ডিডিএন সার্ভিস অচল, বিঘ্নিত বা বন্ধ হইলে অথবা কোম্পানি কর্তৃক বন্ধ করা হইলে যদি গ্রাহকের কোন প্রকার ক্ষয়ক্ষতি হয় তবে তাহার জন্য কোম্পানি দায়ী থাকিবে না এবং ডিডিএন সার্ভিস পূনরায় চালু করিতে বিলম্বের দরুন সৃষ্ট ক্ষতি বা অসুবিধার জন্যও কোম্পানি দায়ী থাকিবে না।

৫.৪। যে কোন প্রকার দুর্বিপাক যেমন-ঝড়, টর্নেডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানির নিয়ন্ত্রন নাই সেই সকল অবস্থার দ্বারা প্রদত্ত ডিডিএন সার্ভিস ক্ষতিগ্রস্ত হইলে তাহার জন্য যে কোন প্রকার ক্ষতিপূরণ, রিফান্ড ইত্যাদি কোম্পানির নিকট দাবী করা যাইবে না।

৫.৫। লীজড্ লাইনের জন্য কোম্পানি কর্তৃক নির্ধারিত বাৎসরিক (ষান্মাসিক/ত্রৈমাসিক) ফি অগ্রিম পরিশোধযোগ্য। অর্থাৎ যেই মেয়াদের জন্য ইতোপূর্বে ফি পরিশোধিত হইয়াছে, সেই মেয়াদ শেষ হইবার ১৫ (পনের) দিন পূর্ব হইতে মেয়াদ শেষ হইবার দিন পর্যন্ত সময়ের মধ্যে পরবর্তী মেয়াদের ফি পরিশোধ করিয়া কোম্পানি কে যথাযথভাবে অবহিত করিতে হইবে।

৫.৬। কোম্পানি কর্তৃক নির্দিষ্ট পদ্ধতিতে ও নির্ধারিত তারিখের মধ্যে গ্রাহক বিল পরিশোধ না করিলে অথবা এই চুক্তি মোতাবেক কোম্পানি কে দেয় অন্য কোন পাওনাদি যথারীতি পরিশোধ না করিলে কোন নোটিশ ছাড়াই কোম্পানি ডিডিএন সার্ভিস বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং কোম্পানির স্বার্থ অক্ষুন্ন রাখিয়া যে কোন সময়ে চুক্তি বাতিল করিতে পারিবে। যদি প্রাপ্য বিল পরিশোধের ব্যর্থতার দরুন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়, তবে কোম্পানি কর্তৃক নির্ধারিত হার ও বিধান অনুযায়ী গ্রাহক পরিশোধ করিলে সংযোগ পূনঃপ্রতিষ্ঠা করা হইবে। যদি উক্ত রুপ বিচ্ছিন্নকরণের তারিখ হইতে ৫৯ (ঊনষাট) দিনের মধ্যে গ্রাহক সংযোগ ফি সমেত প্রদেয় অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে কোম্পানি সংযোগ স্থায়ী ভাবে বন্ধ/বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে। গ্রাহকের যে কোন ডিডিএন সংযোগের বকেয়া বিল অনাদায়ের কারনে তাহার অন্যান্য টেলিসংযোগ ৭(সাত)দিনের নোটিশ প্রদান করিয়া বিচ্ছিন্ন করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে।

৫.৭। এই চুক্তির যে কোন অনুচ্ছেদের লংঘনের ক্ষেত্রে কোম্পানি প্রদত্ত ডিডিএন সার্ভিস কোনরুপ নোটিশ প্রদান ছাড়াই বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৮। আবেদনকারী পূর্ব সংযোগ বা কোম্পানির প্রাপ্য দায়-দেনা সম্পর্কে তথ্য গোপন করিয়া আবেদনপত্র জমা দিলে কোম্পানি এই বিষয়ে নিশ্চিত হইয়া উক্ত আবেদনপত্র তাৎক্ষণিকভারে বাতিল করিয়া দিবে অথবা সংযোগ প্রদান করা হইয়া থাকিলে উক্ত সংযোগ তাৎক্ষণিকভাবে বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে।

৫.৯। এই চুক্তির যে কোন অনুচ্ছেদের পরিবর্তন বা সংশোধন করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে এবং গ্রাহক এই সকল পরিবর্তন বা সংশোধন মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২য় পক্ষের স্বাক্ষর ও তারিখ (আবেদন পত্রের স্বাক্ষরের অনুরুপ)	**১ম পক্ষের স্বাক্ষর ও তারিখ**
গ্রাহকের/ প্রতিষ্ঠানের নাম ঃ .... স্থায়ী/ রেজি ঃ ঠিকানা ঃ.. .... সীলমোহর (প্রযোজ্য ক্ষেত্রে)	বাংলাদেশ টেলিকমিউনিকেশনস কোম্পানি লিমিটেড পক্ষে, (সীলমোহর)